অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৮. ২০১২- ৭৭

তারিখঃ ০২ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রাষ্ট্রীয় পর্যায়ে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত।

সূত্রঃ ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২.১৫.২১৬ তারিখঃ ২৮/১২/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত আধা-সরকারি পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৫/১/২০১৭

(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব/উপপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

দপ্তর/সংস্থাঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/ গাজীপুর/রংপুর/চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

ডি ও নম্বর: ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২.১৫-৯১৫

তারিখ: ১৪ পৌষ ১৪২৩
২৮ ডিসেম্বর ২০১৬

প্রিয় সহকর্মী,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে দুর্নীতি একটি সামাজিক ব্যাধি এবং জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রতিবন্ধক। ফলশ্রুতিতে দেশীয় ও বৈদেশিক বিনিয়োগ কাঙ্খিত পর্যায়ে এখনও পৌঁছেনি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণায় দেখা গিয়েছে যে দুর্নীতি রোধ করতে পারলে দেশের জিডিপি প্রতিবছরে প্রায় ২% বৃদ্ধি করা সম্ভব। এ কারণে বর্তমান সরকার দুর্নীতি দমনে বদ্ধপরিকর। "রূপকল্প ২০২১" বাস্তবায়ন এবং ২০৪১ সনের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশের পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে সরকার ইতোমধ্যে বিশেষ কর্মসূচি ও নীতি গ্রহণ করেছে।

০২। আপনি আরও অবহিত রয়েছেন যে দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে দুর্নীতি এবং অন্যান্য সুনির্দিষ্ট অপরাধের অনুসন্ধান ও তদন্ত পরিচালনার জন্য দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ প্রণীত হয়েছে। এজন্য দুর্নীতি দমন কমিশন দুর্নীতি দমনের লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালনাসহ দুর্নীতি প্রতিরোধমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। তা ছাড়া, সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে রাষ্ট্র ও সমাজের প্রতিটি অঙ্গে দুর্নীতি দমন, সুশাসন ও শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল গৃহীত হয়েছে।

০৩। আপনি আরও অবগত আছেন যে রাষ্ট্রীয় পর্যায়ে সরকারি ক্রয় প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নের কোন কোন ক্ষেত্রে দুর্নীতির প্রকোপ থাকতে পারে। এ সকল ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এজন্য সরকারি ক্রয়-প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নে প্রো-এ্যাকটিভ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণে আপনার সুদৃষ্টি কামনা করছি। এ ছাড়া, আপনার আওতাধীন দপ্তরসমূহের দুর্নীতির ধূসর এলাকাসমূহ (Gray Area) (যদি থাকে) শনাক্তকরণপূর্বক সেগুলো দুর্নীতি দমন কর্মসূচির আওতাভুক্তকরণে আপনার ব্যক্তিগত উদ্যোগ প্রত্যাশা করছি।

০৪। দুর্নীতি দমনে মন্ত্রণালয়/বিভাগের যে কোন পদক্ষেপে সহযোগিতা করতে দুর্নীতি দমন কমিশন প্রস্তুত রয়েছে। দুর্নীতি দমন কমিশন ও মন্ত্রণালয়/বিভাগের যৌথ প্রয়াসে দুর্নীতির মূলোৎপাটিত হবে বলে আমি বিশ্বাস করি। এই প্রসঙ্গে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান কর্তৃক মন্ত্রিপরিষদ সচিবকে লিখিত আধা-সরকারি পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে এক পাতা।

শ্রদ্ধা সহ,

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ৭৭৭০
তারিখ: ৪/১/১৭
স্বাক্ষর
যুগ্ম সচিব (প্রশাসন)
...১/২/ জেপ

আন্তরিকভাবে আপনার,
২৮.১২.১৬
(মোহাম্মদ শফিউল আলম)

ক্রমিক নং ....তারিখ
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব ( )
উপ-সচিব ( )
সিঃ সঃ সচিব ( )
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

জনাব আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭
৪.১.১৭

ইকবাল মাহমুদ
চেয়ারম্যান
দুর্নীতি দমন কমিশন

ডি.ও নং- ৭৮/২০১৬

তারিখ: ৩১ অক্টোবর ২০১৬ খ্রি

প্রিয় শফিউল আলম,

আপনি অবগত আছেন যে, দুর্নীতি দমন কমিশন (দুদক) দুর্নীতি দমনের লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালনাসহ দুর্নীতি প্রতিরোধমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহ তাদের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার মধ্য দিয়ে দুর্নীতি প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দুর্নীতির বিরুদ্ধে মন্ত্রণালয়ের কার্যকর ভূমিকা প্রশংসাযোগ্য।

এটি প্রতিষ্ঠিত সত্য যে, জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রধান অন্তরায় হচ্ছে দুর্নীতি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণা প্রতিবেদনে দেখা যায় যে, দুর্নীতি রোধ করা সম্ভব হলে প্রতিবছর দেশের জিডিপি প্রায় ২% বৃদ্ধি পাবে। তাছাড়া দুর্নীতি রোধ করা গেলে বৈদেশিক বিনিয়োগ ও কর্মসংস্থান গতিশীলতা পাবে। কাজেই অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি নিশ্চিত করা এবং দারিদ্র্য দূরীকরণ ও আয় বৈষম্য কমিয়ে আনার লক্ষ্যে কমিশনের দুর্নীতি বিরোধী উদ্যোগের পাশাপাশি দুর্নীতির বিরুদ্ধে মন্ত্রণালয়ের চলমান ভূমিকা আরো বৃদ্ধি করা আবশ্যক।

দুর্নীতি প্রতিরোধে সরকারি প্রতিষ্ঠানসমূহের যেকোন উদ্যোগকে দুদক স্বাগত জানায়। সরকারি ক্রয় প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিং যথেষ্ট গুরুত্ব বহন করে। বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক প্রো-এ্যাকটিভ মনিটরিং এর অনুরোধ পত্র প্রেরণ করা হলে সেক্ষেত্রে দুদক সহযোগিতা করতে একান্তভাবে আগ্রহী।

উপর্যুক্ত ক্ষেত্রগুলো ছাড়াও দুর্নীতির ধূসর এলাকাসমূহের (Gray area) বিষয়ে ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহকে সর্বোতভাবে সহযোগিতার হাত সম্প্রসারণে দুর্নীতি দমন কমিশন প্রতিশ্রুতিবদ্ধ।

এ বিষয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করতে আপনার সুদৃষ্টি কামনা করছি।

আন্তরিকভাবে আপনার,

(ইকবাল মাহমুদ)

জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসী নীতি শাখা
ডাইরী নং ৭৪৬
তারিখ ২১।১১।১৬